



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

ববি উপাচার্যের সাথে ইউজিসির সদস্য
প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন এর সৌজন্য সাক্ষাত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০২ মার্চ ২০২১খ্রিঃ।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হয়েছেন। অদ্য ০২ মার্চ ২০২১ তারিখ অপরাহ্নে প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন ও ইউজিসির অতিরিক্ত পরিচালক ড. নাছিমা রহমান বরিশাল বিশ্ববিদ্যালয়ে আগমন করলে তাঁদেরকে স্বাগত জানান উপাচার্য মহোদয়সহ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এসময় প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন উপাচার্য মহোদয়কে সাথে নিয়ে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে উপাচার্য মহোদয়কে প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন তাঁর লিখিত “অদম্য বাংলাদেশ” শিরোনামের বই উপহার দেন। এসময় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ে আসার জন্য প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন কে ধন্যবাদ জ্ঞাপন করে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তাঁকে শুভেচ্ছা স্মারক প্রদান করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস